Policy Leeds

UNIVERSITY OF LEEDS



# জনস্বাস্থ্য বিষয়ক জরুরি অবস্থায় বেইম [BAME] পরিবার ও কমিউনিটিগুলোর কল্যাণ ও স্থিতিস্থাপকতাকে সুরক্ষা করা

নোট নম্বর 5
15 জুন 2022

পলিসি লিডস
ইউনিভার্সিটি অব লিডস
leeds.ac.uk/policy-leeds

## কো-পাওয়ার [Co-POWeR]: কনসোর্টিয়াম অন প্র্যাকটিসেস অব ওয়েলবিয়িং অ্যান্ড রেসিলিয়েন্স ইন বেইম ফ্যামিলিজ অ্যান্ড কমিউনিটিজ

একটি প্যানডেমিক মোকাবেলা করার সময় জাতি, লিঙ্গ এবং শ্রেণীকে এড়িয়ে চলা কেবল কৃষ্ণাঙ্গ, এশিয়ান এবং সংখ্যালঘু এথনিক পরিবার ও কমিউনিটিগুলোর (বেইম এফসি) কল্যানকে ক্ষতিগ্রস্থ করে তাই নয়, এটি সরকারের উপর তাদের আস্থার ভিত্তিকেও ক্ষতিগ্রস্থ করে। জনস্বাস্থ্য বিষয়ক জরুরি পরিস্থিতিতে বেইম এফসিতে কল্যান ও স্থিতিস্থাপকতাকে সুরক্ষিত করতে কো-পাওয়ার একটি কাঠামো প্রস্তুত করছে এটি নিশ্চিত করার জন্য যে গৃহীত আইন ও নির্দেশনাগুলো যেন উপযুক্ত হয়।

2020 সালের এপ্রিল মাস নাগাদ কোভিড-19 প্যানডেমিকের বৈষম্যগুলো পরিষ্কার হয়ে গিয়েছিল যখন তথ্যে দেখা গিয়েছিল যে ইংল্যান্ডের কেবল 3.5% জনগোষ্ঠী কৃষাঙ্গ হলেও, ভাইরাসটির কারণে মৃত মানুষের 5.8% ছিল কৃষ্ণাঙ্গ; যেখানে শ্বেতাঙ্গ মানুষের সংখ্যা মোট জনগোষ্ঠীর 85.3% হলেও মৃত মানুষের 73.6% ছিল শ্বেতাঙ্গ। অনানুপাতিক প্রভাব চলমান ছিল, যেমন, ওভার-পুলিশিং: মার্চ 2021-এ শেষ হওয়া বছরে স্টপ অ্যান্ড সার্চের 32% ছিল 15-34 বছর বয়সী বেইম পুরুষ, যদিও তাদের সংখ্যা মোট জনগোষ্ঠীর 2.6%।

প্যানডেমিক নিয়ন্ত্রণ করার জন্য চালু করা জরুরি পদক্ষেপগুলো একত্রে কাজ করেছে সকল বয়সী বেইম এফসিকে প্রভাবিত করে এমন একটি ক্ষতিকারক চক্র তৈরি করতে। কি-ওয়ার্কারস - অপরিহার্য সেবা প্রদান করার জন্য যাওয়ার পথে প্রায়ই পুলিশ থামিয়েছে - সংক্রমণ এড়ানোর জন্য ফার্লো হতে পারেনি বা ওয়ার্ক ফ্রম হোম করতে পারেনি, তাদের সন্তানদের হোম-স্কুলিঙে সহযোগিতা করতে পারেনি। অতিরিক্ত মানুষ থাকে এমন ঘরে সন্তানদের যথাযথ স্থান ছিল না এবং/অথবা শেখার সরঞ্জাম ছিল না; এমন ঘরে কি ওয়র্কারদের অবসর কাটানোর জন্যও যথেষ্ট জায়গা ছিল না সুদীর্ঘ সময় কাজ করার পর নিজেদের সতেজ করার জন্য। ওভার-পুলিশিং বিভিন্ন প্রজন্মের মনে ভীতি সঞ্চার করেছে এবং বেইম মানুষদের - চলাফেরা করতে সক্ষম এমন বয়স্কদের সহ - অতিরিক্ত মানুষ বাস করে এমন ঘর থেকে বের হয়ে বেঁধে ব্যায়াম করা প্রতিহত করেছে, এবং যাঁরা বের হয়েছিলেন তাঁরা একটি ফিক্সড পেনাল্টি নোটিশ এবং একটি ক্রিমিনাল রেকর্ড পাওয়ার ঝুঁকির সম্মুখীন হয়েছিলেন।

পুলিশিং, শিশু কল্যান, কেয়ারিং, শারীরিক কর্মকান্ড ও পুষ্টির উপর জরুরি পদক্ষেপের সম্মিলিত প্রভাবের উপর করা কো-পাওয়ারের গবেষণায় এই চিত্রগুলো উঠে এসেছে। কমিউনিটির অংশগ্রহণ, 1000 অংশগ্রহণকারীদের সাথে জরিপ এবং সাক্ষাৎকার, ফোকাস গ্রুপস, অংশগ্রহণমূলক ওয়ার্কশপ এবং সর্বমোট 400 এরও বেশি মানুষ নিয়ে কমিউনিটি টেস্টিমনি ডে ব্যবহার করে আমরা কোভিড-19 এর সম্মিলিত প্রভাব এবং যুক্তরাজ্যে বেইম এফসিতে কল্যাণ এবং স্থিতিস্থাপকতায় বৈষম্য অন্বেষণ করেছি। এই পলিসি নোটটি আর্টস ও মিডিয়া যোগাযোগ, ব্যবস্থা এবং অবকাঠামো, কমিউনিটি এবং ব্যক্তিগত কল্যাণ এবং স্থিতিস্থাকতা সম্পর্কিত আমাদের প্রাপ্ত ফলাফলগুলো একটি সুপারিশের কাঠামোতে রূপ দেয়। আমরা দীর্ঘমেয়াদি পদক্ষেপকে উৎসাহিত করি, স্বল্পমেয়াদি প্রতিক্রিয়াকে নয়।

বেইম এফসিতে কল্যান এবং স্থিতিস্থাপকতার জন্য কাঠামো
আর্টস ও মিডিয়া যোগাযোগ
পদক্ষেপ: সকল এথনিক গ্রুপ এবং কমিউনিটির প্রবেশাধিকার রয়েছে এবং

Policy Leeds

অন্তর্ভুক্ত করে এমন ক্রিয়েটিভ আর্টস প্রোগ্রাম, স্কিম এবং সুযোগ সুবিধা সৃষ্টির মাধ্যমে বহৈম এফস-কি ক্রিয়েটিভ আর্টসে প্রযোজক এবং গ্রাহক হিসেবে পরিপূর্ণ অংশগ্রহণের সুযোগ প্রদান

কে: ডিপার্টমেন্ট অব হেলথ অ্যান্ড সোশাল কেয়ার, লোকাল কাউন্সিল এবং সকল আর্ট কাউন্সিল।

কনে: সকল কমিউনিটির স্বাস্থ্যের জন্য - শারীরিক, মানসিক এবং সামাজিক কল্যান এবং স্থিতিস্থাপকতা - ক্রিয়েটিভ আর্টসের প্রবর্ধন এবং প্রবেশাধিকার অপরিহার্য। এই পদক্ষেপটি নিশ্চিত করবে যে আর্টস যেন বহৈম এফস-কি ক্ষমতায়নের কাজে ব্যবহৃত হয় ইতিবাচক বর্ণনা, অধিকতর প্রতিনিধিত্ব এবং দৃশ্যমান হওয়ার মাধ্যমে। একজন অংশগ্রহণকারী যেমনটা বলেছেন: "…আমরা জমিটির ইমেজে পরিবর্তন করছি… আমরা ট্রেনিং থেকে শুরু করে স্পোর্টস এবং আমরা বাইরে দৌড়ানো এবং আমাদের কিছু মজার জিনিস যেগুলো আমরা করি সেগুলোর ব্যাপারে পোস্ট করি… সুতরাং কেউ যদি বাহির থেকে দেখে, তারা জমিটির একটি ভিন্ন চিত্র দেখতে পাবে, যেটি হবে একটি অধিকতর স্বাগত জানায় এমন চিত্র।" এই ধরণের ইতিবাচক বর্ণনা অসহায় তরুণদের জড়িত করে এবং নিন্দামুক্ত করে, এবং নাগরিক সমাজের প্রাণোচ্ছলতা এবং প্রাণশক্তিকে উৎসাহিত করে।

ব্যবস্থা এবং অবকাঠামো

পদক্ষেপে: পাবলিক অথরিটিতে আস্থা বৃদ্ধি করা, জনস্বাস্থ্য আইন ও নির্দেশনা প্রয়োগ বা মেনে চলা হচ্ছে কি না তার পর্যবেক্ষণে পুলিশের কোনো ভূমিকা থাকা উচিত নয়; এই প্রক্রিয়াগুলো বহৈম এফস এর সাথে কথা বলে প্রস্তুত করতে হবে, এবং সংশ্লিষ্ট কমিউনিটির ভাষায় অনুবাদ করতে হবে।

কে: মিনিস্ট্রি অব জাস্টিস এবং পাবলিক হেলথ অথরিটিজ।

কনে: কোভিড--19 প্যানডেমিক শুরু হওয়ার পর থেকে, অফিসিয়াল স্বাস্থ্য নির্দেশনা এবং যুক্তরাজ্যের সরকারের উপর আস্থা কমে গিয়েছে, অফিসিয়াল স্বাস্থ্য নির্দেশনায় যাদের আস্থা কম তাদের সংখ্যা 11% থেকে 32% হয়েছে, এবং যারা যুক্তরাজ্যের সরকারের উপর যাদের আস্থা কম তাদের সংখ্যা 23% থেকে 38% হয়েছে। যেহেতু বহৈম এফস মানুষদের উপর বিদ্যমান অনানুপাতিক পুলিশিং রয়েছে, পুলিশের ক্ষমতাকে শক্তিশালী করা সকল পাবলিক কর্তৃপক্ষের ব্যাপারে আস্থা হ্রাস করে এবং প্যানডেমিকের মত জনস্বাস্থ্য বিষয়ক সঙ্কট মোকাবেলায় প্রণীত আইনের সার্বিক কার্যকারিতাকে ক্ষতিগ্রস্থ করে। জনস্বাস্থ্য পদক্ষেপের সাথে সমন্বয় করা হলে, পুলিশের ক্ষমতা উল্টো কাজ করে এবং কাজটির জন্য যথাযথ নয়।

কমিউনিটির কল্যাণ ও স্থিতিস্থাপকতা

পদক্ষেপে 1: কমিউনিটি গ্রুপ ও সার্ভিসেস এর মাধ্যমে শারীরিক কর্মকান্ড এবং পুষ্টির ব্যাপারে সাংস্কৃতিকভাবে যথাযথ প্রোগ্রাম অর্থায়ন।

কে: অফিস অব হেলথ ইমপ্রুভমেন্ট অ্যান্ড ডিসপারিটিজ।

কনে: যেসকল স্বেচ্ছাসেবক কমিউনিটি গ্রুপ শারীরিক কর্মকান্ড, স্বাস্থ্যকর খাবার এবং মানসিক কল্যানের ব্যাপারে কাজ করে সেগুলো প্যানডেমিকের সময় রিসোর্সেস না থাকার কারণে চরমভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে। "আমি এই লাঞ্চ ক্লাবটির সাথে জড়িত…এটি আমাকে বাইরে যেতে সহযোগিতা করে, একাকীত্ব দূর করে এবং আমরা স্বাস্থ্যকর খাবার খাওয়ার ব্যাপারে অনেককিছু শিখি… কিন্তু প্যানডেমিক এটিকে কিছুটা প্রভাবিত করেছে"।" সরকারের উচিত বিদ্যমান বহৈম কমিউনিটি গ্রুপের সাথে কাজ করা, তাদের আস্থার কাঠামোর উপর ভর করে কাজ করা এবং যাদের সহযোগিতা প্রয়োজন তাঁদের কাছে পৌঁছানো"

পদক্ষেপে 2: স্থানীয় ইয়ুথ সার্ভিসে দীর্ঘ-মেয়াদি বিনিয়োগ, স্থানীয় কমিউনিটির চাহিদার সাথে সুনির্দিষ্ট, যেটি নন-জাজমেন্টাল নিরাপদ স্থান প্রদান করার জন্য প্রয়োজন, যেগুলো বহৈম পরিবারগুলোর জাতিগত এবং অন্যান্য কাঠামোগত বৈষম্যি বিবেচনায় নেয়।

কে: যৌথভাবে ডিপার্টমেন্ট অব হেলথ, ডিপার্টমেন্ট অব এডুকেশন, এবং লোকাল গভমেন্ট।

কনে: সার্ভিসে গ্রহণ করার সময় বহৈম কমিউনিটি বিরৈতি প্রত্যাশা করে। ব্রেডফোর্ডের একজন বাংলাদেশি মুসলমান বাবা আমাদের বলেছেন "আমরা বলছি না যে আমাদের বিশেষ সুবিধা দেওয়া হোক, কিন্তু যেহেতু আমরা এই সমাজে বাস করি… তাদের [সরকারের] উচিত আমাদের দিকে তাকানো এবং বলা "দেখো, তাদের একটি চাহিদা রয়েছে, সেই চাহিদাগুলোও পূরণ করা উচিত"… সার্ভিসেসগুলোকে উপযুক্ত করা হোক"। তার স্ত্রী যোগ করেছেন "একই আকৃতি সকলের সাথে সামঞ্জস্যপূর্ণ হবে না… প্রতিটি কিমউনিটিকে আলাদা ভাবে দেখতে হবে এবং তাদের চাহিদাগুলো বুঝতে হবে"।

ব্যক্তিগত কল্যাণ এবং স্থিতিস্থাপকতা

পদক্ষেপে: কেয়ারারের অ্যালাউয়েন্স বৃদ্ধি করতে হবে আনপেইড কেয়ারারদের জন্য যে তারা টেকসইভাবে বৃদ্ধ মানুষদের এবং নিজেদের দেখাশোনা করতে পারে।

কে: ডিপার্টমেন্ট ফর হেলথ অ্যান্ড সোশাল কেয়ার, ডিপার্টমেন্ট অব ওয়ার্ক অ্যান্ড পেনশনস।

কনে: কেয়ারকে কাজ হিসেবে স্বীকৃতি প্রদান করা, যা যুক্তরাজ্যের অর্থনীতিতে অবদান রাখে, তা গুরুত্বপূর্ণ। একজন কেয়ারার বলেছেন: "আমরা এই বৃদ্ধ মানুষদের দেখাশোনা করছি, অসহায় মানুষগুলো… আমরা যে কাজগুলো করছি তা অনেকে।" সমতা, বৈচিত্র্য এবং অন্তর্ভুক্তির উন্নতি হতে হবে আনপেইড সাপোর্ট কেয়ার ওয়ার্কারদের জাতিগত এবং লিঙ্গ বৈষম্য রোধ করতে: যেমনটি একজন অংশগ্রহণকারী জিজ্ঞেস করেছেন "আমরা কি ভাইরাসটির সাথে লড়াই করছি না কি রেসিজম [জাতিগত বৈষম্য] -এর সাথে লড়াই করছি? জানা নেই কোনটির সাথে লড়াই করব"।

## আরো তথ্য

দ্য কনসোর্টিয়াম অন প্র্যাকটিসেস অব ওয়েলবিয়িং অ্যান্ড রেসিলিয়েন্স ইন বহৈম ফ্যামিলিজ অ্যান্ড কমিউনিটিজ (কো-পাওয়ার) হচ্ছে ইএসআরসি এর অর্থায়নে একটি 18 মাসের রিসার্চ কনসোর্টিয়াম (গবেষণা সঙ্ঘ), যেটি গঠিত হয়েছে ইউনিভার্সিটি অব লিডস, সাসেক্স, গোল্ডস্মিথস, ইউইএল, সাউথাম্পটন, সাউথ ওয়েলস, রয়াল হলোওয়ে, ইউসিএল এবং ওয়ারউইকের বহৈম প্রফেসরদের নিয়ে। co-power.leeds.ac.uk

করেসপন্ডিং অথর: আয়োলা সোলাঙ্কে [Iyiola Solanke]
ইমেইল: i.solanke@leeds.ac.uk
কন্ট্রিবিউটিং অথরস: ফ্লোরেন্স আয়িসি [Florence Ayisi], ক্লডিয়া বার্নার্ড [Claudia Bernard], গার্গি ভট্টাচার্য [Gargi Bhattacharyya], অ্যানা গুপ্তা [Anna Gupta], রামিন্দার কৌর [Raminder Kaur], মনিকা লাখানপল [Monica Lakhanpaul], সাবু পদ্মাদাস [Sabu Padmadas], শিরিন এম. রায় [Shirin M. Rai], মারিয়া স্টোকস [Maria Stokes]।

বহৈম আদ্যক্ষরা ব্যবহারের ব্যাপারে বিস্তৃত বিতর্কের আমরা স্বীকৃতি দিই।

© The Authors 2022, except front page image © Shutterstock, rights reserved. Editorial credit: Sandor Szmutko / Shutterstock.com. DOI: https://doi.org/10.48785/100/115. Licensed under Creative Commons (CC-BY 4.0).

Tel. +44 (0)113 2431751
policyleeds@leeds.ac.uk
leeds.ac.uk/policy-leeds
@policyleeds

UNIVERSITY OF LEEDS

Policy Leeds
University of Leeds
Leeds, United Kingdom LS2 9JT